

## ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৩২১

৯৬/ কুরআন ও সুন্নাহকে শক্তভাবে ধরে থাকা (كتاب الاعتصام بالكتاب والسنة)

পরিচ্ছেদঃ ৯৬/১৫. পথভ্রষ্টতার দিকে ডাকা অথবা কোন খারাপ পদ্ধতি প্রবর্তনের অপরাধ। কারণ আল্লাহর বাণীঃ এবং পাপের ভার তাদেরও যাদের তারা অজ্ঞতার কারণে পথভ্রষ্ট করেছে.....। (সূরাহ নাহল ১৬/২৫)

بَابِ إِثْمِ مَنْ دَعَا إِلَى ضَلَالَةٍ أَوْ سَنَّ سُنَّةً سَيِّئَةً لِقَوْلِ اللهِ تَعَالَى: : {وَمِنْ أَوْزَارِ الَّذِينَ يُصِلُّونَهُمْ بِغَيْرِ عِلْمٍ} الآيَةَ

আরবী

الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الأَعْمَشُ عَنْ عَبْدِ اللهِ بْنِ مُرَّةَ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللهِ قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم لَيْسَ مِنْ نَفْسٍ تُقْتَلُ ظُلُمًا إِلاَّ كَانَ عَلَى ابْنِ آدَمَ الْأَوَّلِ كَفْلُ مِنْهَا وَرُبَّمَا قَالَ سُفْيَانُ مِنْ دَمِهَا لأَجْنَّهُ أَوَّلُ مَنْ سَنَّ الْقَتْلَ أَوَّلاً

বাংলা

৭৩২১. 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কোন ব্যক্তিকেই অন্যায়ভাবে কতল করা হয়, তার পাপের ভাগ আদম (আঃ)-এর প্রথম (হত্যাকারী) পুত্রের উপরও পড়বে। রাবী সুফ্ইয়ান مِنْ دَمِهَا তার রক্তপাত করার অপরাধ তার উপরেও পড়বে উল্লেখ করেছেন। কারণ সেই প্রথমে হত্যার রীতি চালু করে।[1] [৩৩৩৫] (আধুনিক প্রকাশনী- ৬৮১০, ইসলামিক ফাউন্ডেশন- ৬৮২২)

## **English**

Narrated `Abdullah:

The Prophet (ﷺ) said, "None is killed unjustly, but the first son of Adam will have a part of its burden." Sufyan said, "..a part of its blood because he was the first to establish the tradition of murdering"

## ফুটনোট

[1] হাদীসটিতে ঐ সমস্ত লোকদের জন্য শিক্ষা রয়েছে যারা অলসতা বা অসচেতনভাবে কোন বিদ'আতী বা অন্যায় কাজ করে বসে। পরবর্তীতে এর কি পরিণাম তা ভেবে চিন্তে প্রত্যেকের 'আমল করা উচিত। কারণ তার



মাধ্যমে যদি কোন অন্যায় কাজের সূচনা হয় তাহলে পরবর্তীতে সবার গুনাহ তাকে বহন করতে হবে। (ফাতহুল বারী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন